

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৬৬

আগরতলা, ১০ জুন, ২০২৬

আগামীকাল পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক
ভীষ্মদেব স্মৃতি শিশু নাটক প্রতিযোগিতা শুরু

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং শিক্ষা দপ্তরের সহযোগিতায় মুক্তধারা অডিটোরিয়ামে আগামীকাল থেকে শুরু হচ্ছে ২ দিনব্যাপী পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক ভীষ্মদেব স্মৃতি শিশু নাটক প্রতিযোগিতা ২০২৬। ১১ জুন সকাল ১১টা ৩০ মিনিটে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি বিশ্বজিৎ শীল এই প্রতিযোগিতার উদ্বোধন করবেন। বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস (দত্ত)। দুইদিনব্যাপী আয়োজিত এই প্রতিযোগিতায় পশ্চিম জেলার বিভিন্ন বিদ্যালয় ও সাংস্কৃতিক সংস্থার শিশু শিল্পীরা মোট ১৩টি নাটক মঞ্চস্থ করবে। প্রতিটি নাটক মঞ্চস্থ করার সময় সীমা হবে ৪৫ মিনিট করে। দুপুর ১২টা থেকে নাটক প্রতিযোগিতা শুরু হবে। শেষ হবে বিকাল ৫টা ৪৫ মিনিটে।
